

“ছেলে হোক, মেয়ে
হোক,
দু’টি সন্তানই
যথেষ্ট”

(একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত)
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
পরিবার পরিকল্পনা অধিদপ্তর
এমআইএস ইউনিট
www.dgfp.gov.bd



স্মারক নম্বর: ৫৯.১১.০০০০.৪০৩.২০.০০২.২০.৫৯

তারিখ: ১৪ আষাঢ় ১৪২৭

২৮ জুন ২০২০

বিষয়: বিশেষায়িত হাসপাতাল এবং মা ও শিশু কল্যাণ কেন্দ্রগুলোতে জরুরী যোগাযোগ নম্বর চালুকরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, পরিবার পরিকল্পনা অধিদপ্তরাধীন বিশেষায়িত হাসপাতাল, বিভাগীয়, জেলা, উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে চালু ১০৫টি মা ও শিশু কল্যাণ কেন্দ্রে জনবান্ধব সেবার অংশ হিসেবে জনসাধারণ ও সেবাগ্রহীতাদের জরুরী যোগাযোগ ও তথ্য সেবা প্রদানের জন্য হটলাইন সেবার উদ্‌যোগ গ্রহণ করা হয়েছে।

প্রাথমিকভাবে প্রত্যেক বিশেষায়িত হাসপাতালে তথ্যের জন্য ১টি ও সেবার জন্য ১টি মোট ২টি এবং চালুকৃত ১০৫টি প্রত্যেক মা ও শিশু কল্যাণ কেন্দ্রের তথ্য ও সেবার জন্য ১টি করে হটলাইন নম্বর প্রদান করা হয়েছে। ইতোমধ্যে হটলাইন নম্বরগুলো রেজিস্ট্রেশন করা হয়েছে এবং নম্বরগুলো এখন চালু রয়েছে।

আগামী ১ জুলাই/২০২০খ্রিঃ থেকে প্রদত্ত সিম নম্বরগুলো ব্যবহারের জন্য বিশেষায়িত হাসপাতালে সেবা বিষয়ক নম্বরে মাসিক ১,০০০/- (এক হাজার) টাকা ও তথ্য বিষয়ক নম্বরে মাসিক ৫০০/- (পাঁচ শত) টাকা হারে এবং চালুকৃত ১০৫টি মা ও শিশু কল্যাণ কেন্দ্রের প্রতিটিতে তথ্য ও সেবা বিষয়ক নম্বরে মাসিক ৩০০/- (তিন শত) টাকা হারে আগামী জুলাই/২০২০খ্রিঃ থেকে এমআইএস ওপি’র টেলিফোন খাত থেকে বরাদ্দ প্রদান করা হবে।

এ নম্বরগুলো পরিচালনার লক্ষ্যে ফিল্ড সার্ভিস ডেলিভারি ওপি’র সহায়তায় বিশেষায়িত হাসপাতালের জন্য দুইটি করে এবং প্রতিটি মা ও শিশু কল্যাণ কেন্দ্রের জন্য একটি করে ফিচার মোবাইল সেট ক্রয়ের জন্য (প্রতিটির প্রাক্কলিত মূল্য ২,৮৮০ টাকা ধরে) সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের পরিচালক/তত্ত্বাবধায়ক/উপপরিচালক (পরিবার পরিকল্পনা) সংশ্লিষ্ট জেলা বরাবর অর্থ বরাদ্দ প্রদান করা হলো। ফোন সেট ক্রয় করে সেটের ব্রান্ড, মডেল, ক্রয়মূল্য সহ একটি প্রতিবেদন এবং ভাউচারের কপি অত্র দপ্তরে প্রেরণের অনুরোধ করা হলো।

এমতাবস্থায়, সংযুক্ত নীতিমালা ও সিম নম্বরসহ সেবাকেন্দ্রের তালিকা মোতাবেক আগামী ১ জুলাই/২০২০খ্রিঃ থেকে হটলাইন নম্বর পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

এতে মহাপরিচালক মহোদয়ের অনুমোদন রয়েছে।

২৮-৬-২০২০

মনোজ কুমার রায়

যুগ্মসচিব ও পরিচালক এবং লাইন ডাইরেক্টর

(এমআইএস)

ফোন: ৫৫০১২৩৫২

বিতরণ :

১) পরিচালক, এমএফএসটিসি, মোহাম্মদপুর, ঢাকা।

২) তত্ত্বাবধায়ক (এমসিএইচটিআই), আজিমপুর,
ঢাকা।

ইমেইল: dirmis@dgfp.gov.bd

৩) পরিচালক, মাতৃ ও শিশু স্বাস্থ্য, প্রশিক্ষণ প্রতিষ্ঠান,
লালকুঠি বাজার, মিরপুর-১, ঢাকা।

৪) উপপরিচালক, পরিবার পরিকল্পনা, সংশ্লিষ্ট জেলা।

স্মারক নম্বর: ৫৯.১১.০০০০.৪০৩.২০.০০২.২০.৫৯/১(৫)

তারিখ: ১৪ আষাঢ় ১৪২৭
২৮ জুন ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) পরিচালক/লাইন ডাইরেक्टर,....., পরিবার পরিকল্পনা অধিদপ্তর।

২) পরিচালক (পরিবার পরিকল্পনা), ঢাকা/ময়মনসিংহ/চট্টগ্রাম/রাজশাহী/রংপুর/খুলনা/বরিশাল
ও সিলেট বিভাগ।

৩) মিসেস বৈশাখী চৌধুরী, সহকারী রক্ষণাবেক্ষণ প্রকৌশলী, এমআইএস ইউনিট (আপনাকে
সংযুক্ত নীতিমালা ও সেবাকেন্দ্রের তালিকাসহ হটলাইন বিষয়ক পত্রটি অধিদপ্তরের ওয়েব সাইটে
প্রকাশের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো)

৪) মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, কাওরান
বাজার, ঢাকা।

৫) পরিচালক (এমআইএস) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, এমআইএস ইউনিট, পরিবার
পরিকল্পনা অধিদপ্তর।



২৮-৬-২০২০

মেহবুব মোর্শেদ

প্রোগ্রাম ম্যানেজার (এমআইএস)